জ্ঞানদীপ
গণ গ্রন্থাগার
রেজিঃ/তালিঃ নং - টাং ১৬
করর কাওয়ালজানী কান্দাপাড়া
ডাকঘর ঃ আটঘড়ি, মির্জাপুর, টাংগাইল।
মোবাইল ঃ ০১৮১৬৬৩৮৩৬৬, ০১৭১৩১৯৭৬৫৭
Email : gyandeepganogranthagar@gmail.com

# আজীবন সদস্যদের সাধারণ সভার
# নোটিশ

**তারিখঃ ১৮/০৩/২০২৫ ইং**

এতদ্বারা জ্ঞানদীপ গণ গ্রন্থাগারের সম্মানিত সকল আজীবন সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ০২/০৪/২০২৫ ইং তারিখ রোজ বুধবার সকাল ৮.৩০ ঘটিকায় করর কাওয়ালজানী কান্দাপাড়া জ্ঞানদীপ গণ গ্রন্থাগারের অস্থায়ী কার্যালয়ে গ্রন্থাগারের আজীবন সদস্যদের সাধারণ সভা আহবান করা হয়েছে।

**আলোচ্য বিষয় ঃ**

১. সর্বশেষ কার্যনির্বাহী পরিষদের সভা ও আজীবন সদস্যদের সভার কার্যবৃত্ত বা কার্যবিবরনী সমূহ নিশ্চিত করা।
২. গ্রন্থাগারের নিজস্ব জমিতে ঘর নির্মাণ প্রসঙ্গে আলোচনা ও করণীয়।
৩. গ্রন্থাগারের দৈনন্দিন ও মাসিক খরচের খাতের উপর ভিত্তি করে আয়ের উৎস নিয়ে আলোচনা ও করণীয় ।
৪. বিবিধ।

সম্মানিত সকল আজীবন সদস্যদেরকে সাধারণ সভায় উপস্থিত থাকার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

**মোহাম্মদ আবুল কাশেম**
সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য
জ্ঞানদীপ গণ গ্রন্থাগার

জ্ঞানদীপ গণ গ্রন্থাগার
রেজিঃ/তালিঃ নং - টাং ১৬
করর কাওয়ালজানী কান্দাপাড়া
ডাকঘর ঃ আটঘড়ি, মির্জাপুর, টাংগাইল।
মোবাইল ঃ ০১৮১৬৬৩৮৩৬৬, ০১৭১৩১৯৭৬৫৭
Email : gyandeepganogranthagar@gmail.com

# আজীবন সদস্যদের সাধারণ সভা

**তারিখঃ ০২/০৪/২০২৫ ইং**

অদ্য সভার সভাপতি উপস্থিত সম্মানিত সকল আজীবন সদস্যদেরকে সাধারণ সভায় উপস্থিত হওয়ার জন্য এবং সভার কোরাম পূর্ন হওয়ার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। আরও ধন্যবাদ জ্ঞাপন করেন কার্যনির্বাহী পরিষদের সদস্যদেরকে গ্রন্থাগারের কার্যক্রম আরো সুষ্ঠ, সুন্দর ও গঠনমুলক ভাবে পরিচালনার স্বার্থে গ্রন্থাগারের সাধারণ সভার আহবান করা হয়।

সভাপতি সভার নোটিশ পাঠ করা এবং আলোচ্য সূচী অনুযায়ী কার্যক্রম শুরু করার জন্য প্রতিষ্ঠানের সাধারণ সম্পাদক ও আজীবন সদস্য মোহাম্মদ আবুল কাশেমকে আহবান করেন।

**আলোচ্য সূচী ও সিদ্ধান্ত সমূহ নিন্মরূপ ঃ-**

**আলোচ্য বিষয় ঃ ১**
সর্বশেষ কার্যনির্বাহী পরিষদের সভা ও আজীবন সদস্যদের সভার কার্যবৃত্ত বা কার্যবিবরনী সমূহ নিশ্চিত করা।

**সিদ্ধান্ত ঃ**
সর্বশেষ কার্যনির্বাহী পরিষদের সভা ও আজীবন সদস্যদের সভার কার্যবৃত্ত বা কার্যবিবরনী সমূহ পাঠ করা হয় এবং সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। গ্রন্থাগারের দৈনন্দিন কার্যক্রম গুলো সঠিকভাবে দায়িত্ব পালনের আহবান করে পাঠগারকে আরো গতিশীল করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সাধারণ সম্পাদককে দায়িত্ব দেওয়া হয়।

**আলোচ্য বিষয় ঃ ২** গ্রন্থাগারের নিজস্ব জমিতে ঘর নির্মাণ প্রসঙ্গে আলোচনা ও করণীয়।

**সিদ্ধান্ত ঃ** সভায় আলোচনার এক পর্যায়ে সর্বসম্মতিক্রমে একমত পোষন করেন যে, অন্তত ২/৩ লক্ষ টাকার মধ্যে বাজেট করে উক্ত টাকার মধ্যে চারদিকে ইটের দেওয়াল দিয়ে গ্রন্থাগারের নিজ জায়গায় ঘর নির্মাণের বিষয়টি চুড়ান্ত হয়। আরো সিদ্ধান্ত হয় যে, আজীবন সদস্যদের নিকট থেকে কমপক্ষে ৩০০০/= (তিন হাজার টাকা) আগামী ঈদের মধ্যে কালেকশন করার আর যে সকল সদস্যবৃন্দ আর্থিকভাবে বেশী দেওয়ার সামর্থ রাখেন উনারা যেন, গ্রন্থাগারের বিষয়টি মাথায় রেখে বেশী পরিমাণে আর্থিক অনুদান/দান করেন।

জ্ঞানদীপ
গণ গ্রন্থাগার
রেজিঃ/তালিঃ নং - টাং ১৬
করটা কাওয়ালজানী কান্দাপাড়া
ডাকঘর ঃ আটঘড়ি, মির্জাপুর, টাংগাইল।
মোবাইল ঃ ০১৮১৬৬৩৮৩৬৬, ০১৭১৩১৯৭৬৫৭
Email : gyandeepganogranthagar@gmail.com

**আলোচ্য বিষয় ঃ ৩**
গ্রন্থাগারের দৈনন্দিন ও মাসিক খরচের খাতের উপর ভিত্তি করে আয়ের উৎস নিয়ে আলোচনা ও করণীয়

**সিদ্ধান্ত ঃ** গ্রন্থাগারের দৈনন্দিন ও মাসিক খরচের খাতের উপর ভিত্তি করে আয়ের উৎস নিয়ে আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত হয় যে, প্রত্যেক আজীবন সদস্য মাসিক ১০০/= (একশত টাকা) প্রদান করিবেন তা হতে পারে মাসিক অথবা এককালীন।

**আলোচ্য বিষয় ঃ ৪**
বিবিধ

**সিদ্ধান্ত ঃ**

বিবিধ-তে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব উপস্থিত সম্মানিত সকল আজীবন সদস্যদেরকে ধন্যবাদ জ্ঞাপন করে ও সভার সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য আহবান রেখে সভার সমাপ্তি ঘোষনা করেন।

মোহাম্মদ আশরাফ উজ্জামান
সভাপতি অফ দি মিটিং ও
সভাপতি
জ্ঞানদীপ গণ গ্রন্থাগার

**সংযুক্তি ঃ**